সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের
এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মুল্যায়ন প্রতিবেদনের
সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সখ্যা	কারিগরি প্রকল্পে সখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
	সুরক্ষা সেবা বিভাগ	০৪টি	০৪টি	-	-	০১ টি	০২ টি	০০% ৬০%	০১ টি	-২০.৫১% ১২.২৮

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ০৪ টি

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
মর্ডানাইজেশন অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স (১ম সংশোধিত)	দরপত্র আহবান সংক্রান্ত জটিলতার কারনে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পাই।

৪০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট এয়ার ব্রিদিং এবং গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং ট্রেনিং গ্যালারী এবং ঘাটতি ফায়ার ফাইটিং রেসকিউ সরঞ্জাম সংগ্রহ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন ২০১৯)

১.	প্রকল্পের নাম	:	৪০ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট এয়ার ব্রিদিং এবং গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং ট্রেনিং গ্যালারী এবং ঘাটতি ফায়ার ফাইটিং রেসকিউ সরঞ্জাম সংগ্রহ
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪.	প্রকল্পের ধরন	:	বিনিয়োগ
৫.	প্রকল্পের অর্থায়ন	:	জিওবি

৬। প্রকল্পের অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল	প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময়
৫৪৩৫.০০ লক্ষ	৪৩২০.২৯৬	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ (৬০ মাস)	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ (৬০ মাস)	-	৬০%

৭। প্রকল্প এলাকাঃ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুরসহ, চট্রগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও রংপুর জেলার ফায়ার স্টেশন।

৮। **প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ**

আলোচ্য প্রকল্পটি মোট ৫৪৩৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৬/০৮/২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ চার বার বৃদ্ধি করে জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়।

৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ দেশের বড় বড় শহরগুলোতে শপিং মল, গার্মেন্ট ফ্যক্টরি, অফিস ও আবাসিক ভবনগুলোতে অগ্নিকান্ডের ঘটনা ঘটলে ফায়ার সার্ভিসকেই প্রথম রেসপন্স করতে হয়। কিন্তু উপযুক্ত প্রশিক্ষণ এবং যন্ত্রপাতি/উপকরণের অভাবে বড় কোন দুর্যোগে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তর তাৎক্ষণিকভাবে সেবা প্রদান করতে পারে না। বিভিন্ন ধরণের দুর্যোগ সম্পর্কে যথাযথ প্রশিক্ষণ এবং উদ্ধার তৎপরতার বিষয়ে প্রশিক্ষণ প্রদান, আধুনিক উদ্ধার যন্ত্রপাতি ক্রয় করে তা ব্যবহারের মাধ্যমে দুর্যোগে উদ্ধার তৎপরতায় গতি আনয়ন এবং অধিক সংখ্যক যান-মাল রক্ষার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। প্রকল্পের উদ্দেশ্যঃ

- আধুনিক যন্ত্রপাতি/উপকরণ সরবরাহের মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি;
- অগ্নি নির্বাপণ কর্মীদের আধুনিক প্রশিক্ষণ প্রদান;
- সকল দুর্যোগ প্রতিরোধে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তরকে প্রস্তুতকরণ ;

১১। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

এয়ার ব্রিদিং ট্রেনিং গ্যালারি, গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং ট্রেনিং গ্যালারি, প্রাইম মুভার, বিভিন্ন ধরণের অগ্নিনির্বাপণ যন্ত্রপাতি ও উপকরণ ক্রয়

১২। **<u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য</u>** :

কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
	শুরু	পর্যন্ত	
মোঃ হেদায়েত উল্লাহ চৌধুরি, প্রকল্প পরিচালক	৭ মে ২০১৫	১৪ জুলাই ২০১৫	খন্ডকালীন
মোঃ আতাউল হক, প্রকল্প পরিচালক	১৪ জুলাই ২০১৫	২৫ জানুয়ারি ২০১৬	খন্ডকালীন

কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
	শুরু	পর্যন্ত	
আবু নূর মোহাম্মদ বজলুর রহমান	২৫ জানুয়ারি ২০১৬	১৮ সেপ্টেম্বর ২০১৭	খন্ডকালীন
সাগরিকা নাসরিন, উপসচিব	১৮ সেপ্টেম্বর ২০১৭	৩০ জুন ২০১৯	খন্ডকালীন

১৩। **প্রকল্পের অংগসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:**

অংগের নাম	ডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
	আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(ক) রাজস্ব খাত				
বিজ্ঞাপন	৬.৫০	-	৬.৩৩৫	৯৭.৫০%
স্টেশনারি	১.০০	-	০.৯৯৭	১০০%
প্রশিক্ষণ	২৪৪.৫৩	-	২৪২.৯৫৯	
সেমিনার	৬.০০	-	৫.৯৮	
ওয়ার্কশপ	৬.০০	-	৫.৪৪	
সম্মানী (টিইসি,পিআইসি ও পিএসসি)	২.০০	-	১.৮১	
অন্যান্য	২.০০	-	১.৯৩	
কমিশন ও ইন্সুরেন্স চার্জ	২০৯.০০	-	১৭.৬৭	
(খ) মূলধন খাত				
এয়ার ব্রিদিং ট্রেনিং গ্যালারি	৬৮৬.০০	১সেট	৬৩৮.১৮৩	১সেট
প্রাইম মুভার	১৬০.০০	২টি	১.৯৮	২টি
গ্যাস ফায়ার্ড ফায়ার ফাইটিং ট্রেনিং গ্যালারি	৬৮৫.০০	১সেট	৬৪৪.৫৬৫	১সেট
ফায়ার এন্ড রেসকিউ যন্ত্রপাতি	২৬৪৫.৭৫	৪৩ আইটেম	১৯৩২.০১২	
অন্যান্য যন্ত্রপাতি	৮৬.২৪	১০আইটেম	৪৬.৩৬	
সিডি ভ্যাট	৬৯৪.৯৮		৬১৮.০০	
সর্বমোট (রাজস্ব খাত+মূলধন খাত)	**৫৪৩৫.০০**		৪৩২০.২৯	

১৪। **সংশোধিত এডিপিতে আর্থিক সংস্থান, অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও অর্থ ব্যয়: (লক্ষ টাকায়)**

অর্থবছর	মূল ডিপিপিতে আর্থিক সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অর্থ ছাড়	অর্থ ব্যয়
২০১৪-২০১৫	১৫৩৩.০০	১.০০	১.০০	১.০০
২০১৫-২০১৬	৩৯০২.০০	২১৭০.০০	২১৭০.০০	২১৫৮.৫৮
২০১৬-২০১৭	-	২৯৫৯.০০	২৯৫৯.০০	১৯৫১.৩৮
২০১৭-২০১৮	-	-	–	–
২০১৮-২০১৯	-	২০৮.০০	২০৮.০০	২০৭.৪৪
সর্বমোট	৫৪৫৩.০০	৫৩৩৮.০০	৫৩৩৮.০০	৪৩১৮.৪০

জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ৪৩২০.২৯ লক্ষ টাকা (৭৯.২২%)। প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি হতে বাদ পড়ে।

১৫. **প্রকল্প পরিদর্শনঃ** দৈবচয়নের ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ৬টি সাইট সরেজমিন পরিদর্শন করা হয়।

সিদ্দিকবাজার, ঢাকাঃ

গত ২৮/১০/২০২০ তারিখে ফায়ার সার্ভিস এন্ড সিভিল অধিদপ্তরে প্রকল্প সংশ্লিষ্ট অফিস সরেজমিন পরিদর্শন করা হয়। আলোচ্য প্রকল্পের আওতায় কৃয়কৃত ফায়ার রেসকিউ ভেহিক্যাল ও ইক্যুইপমেন্টসমূহ টেবিল অব অর্গানোগ্রাম এ্যান্ড ইক্যুইপমেন্ট এ অন্তর্ভুক্ত করা হয়নি। প্রকল্পের আওতায় ২৬৫টি কোর্সে মোট ১১৬০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

আরিচা, মানিকগঞ্জঃ

৩০/১০/২০২০ তারিখে শিবালয়, আরিচায় স্থল কাম নদী ফায়ার স্টেশন, মানিকগঞ্জ সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ফায়ার ম্যান স্যুট, গাম বুট, হাইড্রোলিক লক কাটারসহ বিভিন্ন ধরণের ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট দেখা যায়। কিন্তু উল্লিখিত তিনটি ইক্যুইপমেন্ট আলোচ্য প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়েছে। ইক্যুইপমেন্টের জন্য কোন স্টক রেজিস্টার নেই। কম্পিউটারে কম্পোজ করে ইক্যুইপমেন্টের হিসাব রাখা হয়। উক্ত স্টেশন হতে আলোচ্য প্রকল্পের আওতায় সরবরাহকৃত যেসব ইক্যুইপমেন্টের তালিকা দেখানো হয়েছে তা পরীক্ষা করে সঠিক পাওয়া যায়নি। সংশ্লিষ্ট কর্মকর্তা ইক্যুইপমেন্ট সরবরাহের কোন দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি।

কুমিল্লাঃ

গত ১২/১২/২০২০ তারিখে কুমিল্লার বাগিচাগাঁও এ ফায়ার স্টেশন সরেজমিন পরিদর্শন করা হয়। লক কাটার, স্ট্রেচার, ডোর ওপেনার, রোটারি হ্যামার ড্রিল, ফোম মেকিং ব্রাঞ্চ পাইপ, হাইড্রোলিক র‍্যাম জ্যাক, ভেনটিলেশন ফ্যান, এক্সটেনশন লেডার, ফায়ার এক্সটিংগুইসার, টারেক্স ব্রাঞ্চ পাইপ, কালেকটিং ব্রিচিং, চিপিং হেমার, রোটারি রেসকিউস, বুলেট প্রুফ জ্যাকেট, ইজেল বোর্ড, ফায়ার ব্রেক নজল। ইক্যুইপমেন্ট রিসিভের কোন দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি। ইক্যুইপমেন্টের জন্য কোন স্টক রেজিস্টার নেই। কম্পিউটারে কম্পোজ করে ইক্যুইপমেন্টের হিসাব রাখা হয়।

মিরপুর প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকাঃ

২/১২/২০২০ তারিখে মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ট্রেনিং কমপ্লেক্স সরেজমিন পরিদর্শন করা হয়। ডিপিপি মোতাবেক ৪০ ফুট ট্রেনিং কনটেইনার ও ৪০ ফুট গ্যাস ফায়ার্ড ট্রেনিং কনটেইনার মিরপুর ট্রেনিং কমপ্লেক্সে রাখার প্রভিশন থাকলেও জায়গার অভাবে পূর্বাচলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্রে রাখা হয়েছে । পরিদর্শনকালে দুটি সচল প্রাইম মুভার দেখা গেছে। তবে প্রাইম মুভার দুটির রেজিস্ট্রেশন সম্পন্ন হয়নি। রেজিস্ট্রেশনের জন্য টাকা জমা দেয়া হয়েছে মর্মে জানা যায়। এছাড়া ফায়ার ফাইটিং হেলমেট, ফায়ার ম্যান স্যুট, ব্রিদিং এপারেটাস ও কেমিক্যাল স্যুট পরিদর্শন করা হয়। ইক্যুইপমেন্ট ও রেসকিউ ভিহিক্যাল স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করা আছে।

পাবনাঃ

২৪/০২/২০২১ তারিখে পাবনা সদর ফায়ার স্টেশন সরেজমিন পরিদর্শন করা হয়। স্ট্রেচার, লক কাটার, পাইপ স্কুইজার, ডোর ওপেনার, ফোম মেকিং ব্রাঞ্চ পাইপ, স্লাব কাটার, রিভলভিং নজল, ইলেকট্রিক চেইন স, ব্রিদিং এপারেটাস, এক্সটেনশন ল্যাডার, ডিভাইডিং ব্রিচিং, ভেন্টিলেশন ফ্যান, পোর্টেবল গ্রাইন্ড মনিটর পরিদর্শন করা হয়। সকল ইক্যুইপমেন্ট একটি স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়। প্রকল্পের আওতায় সংগৃহীত ইক্যুইপমেন্ট এর জন্য আলাদা কোন রেজিস্টার নেই। সংশ্লিষ্ট কর্মকর্তা ইক্যুইপমেন্ট বরাদ্দের দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি।

পূর্বাচল, ঢাকাঃ

১৮/০৩/২০২১ তারিখে পূর্বাচল ফায়ার স্টেশন সরেজমিন পরিদর্শন করা হয়। ১টি ৪০ ফুট গ্যাস গ্যালারী এবং ১টি ৪০ফুট ব্রিদিং গ্যালারী। এ দুটি ভেহিক্যালে ফায়ার ম্যান ও ফায়ার কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া হয়। ৪০ ফুট গ্যাস গ্যালারীর অপারেটিং কক্ষের এসি নষ্ট পাওয়া যায়। এ দুটি ট্রেনিং ভেহিক্যাল মূলত মিরপুর ট্রেনিং কমপ্লেক্সের জন্য সরবরাহকৃত। মিরপুর ট্রেনিং কমপ্লেক্সে জায়গার অভাবে এখানে রাখা হয়েছে। গাড়ীতে প্রকল্পের নাম লেখা নেই।

১৬। **প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্যঃ** প্রকল্পের আওতায় কোন অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে। কোন আপত্তি নেই মর্মে জানা গেছে।

১৭। **সার্বিক পর্যালোচনাঃ**

- ❖ পরিদর্শনকালে জানা যায় যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে বিভিন্ন সময়ে বিভিন্ন জেলায় রাজস্ব ও প্রকল্পের আওতায় ক্রয়কৃত রেসকিও ভেহিক্যাল ও ইক্যুইপমেন্টসহ অন্যান্য পণ্য একসাথে প্রেরণ করা হয়েছে। এ কারণে রেসকিও ভেহিক্যাল ও ইক্যুইপমেন্টসমূহ কোন প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে তার দালিলিক প্রমাণ পাওয়া যায়নি।
- ❖ আরিচা, কুমিল্লা ফায়ার স্টেশনে কোন স্টক রেজিস্টার দেখা যায়নি। অন্য স্টেশনগুলোতে স্টক রেজিস্টার থাকলেও কোন প্রকল্পের আওতায় সংগৃহীত তা উল্লেখ নেই।
- ❖ প্রকল্পের ক্রয়কৃত গাড়ী, আসবাবপত্র, কম্পিউটার, প্রিন্টার টেবিল অব অর্গানোগ্রাম এ্যান্ড ইক্যুইপমেন্ট এ অন্তর্ভুক্ত করা হয়নি।

- ❖ এয়ার ব্রিদিং ট্রেনিং গ্যালারি, পোর্টেবল গ্রাউন্ড মনিটর, রেসকিউ রোপ, ম্যানিলা রোপ, ক্যারাবিনার, পাইপ স্কুইজার,জেনারেটর, ডোর ওপেনার, মাল্টি প্লাগ, কর্ডলেস সাউন্ড সিস্টেম ইত্যাদি ইক্যুইপমেন্টের চুক্তিমূল্য ডিপিপি মূল্য অপেক্ষা বেশি। যা আর্থিক শৃঙ্খলা পরিপন্থি।

১৮.০ <u>আইএমইডি'র মতামতঃ/</u><u>সুপারিশঃ</u>

১৮.১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন রেজিস্ট্রেশনের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৮.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও ইক্যুইপমেন্টসমূহ ডিপিপি মোতাবেক যেসকল স্থানে সরবরাহের প্রভিশন ছিল তা প্রতিপালন করে সাইট ভিত্তিক যানবাহন ও ইক্যুইপমেন্টের তালিকা আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৮.৩ প্রকল্পের আওতায় বিভিন্ন ফায়ার স্টেশনে সরবরাহকৃত যানবাহন ও ইক্যুইপমেন্ট কোন প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে তা উল্লেখপূর্বক যথাযথভাবে স্টক রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে হবে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮.৪ যানবাহন ও ইক্যুইপমেন্ট ইত্যাদির গায়ে প্রকল্পের নাম সহজে মোচনযোগ্য নয় এরুপ কালিতে লিখে রাখতে হবে;

১৮.৫ এয়ার ব্রিদিং ট্রেনিং গ্যালারি, পোর্টেবল গ্রাউন্ড মনিটর, রেসকিউ রোপ, ম্যানিলা রোপ, ক্যারাবিনার, পাইপ স্কুইজার,জেনারেটর, ডোর ওপেনার, মাল্টি প্লাগ, কর্ডলেস সাউন্ড সিস্টেম ইত্যাদি ইক্যুইপমেন্টের চুক্তিমূল্য ডিপিপি মূল্য অপেক্ষা বেশি। যা আর্থিক শৃঙ্খলা পরিপন্থি। বিষয়টি খতিয়ে দেখে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

১৮.৬ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও ইক্যুইপমেন্ট টেবিল অব অর্গানোগ্রাম এ্যান্ড ইক্যুইপমেন্ট এ অন্তর্ভুক্ত করার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে আইএমইডিকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮.৭ ৪০ ফুট গ্যাস গ্যালারীর অপারেটিং কক্ষের এসি মেরামতের আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

১৮.৮ প্রকল্পের আওতায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের তালিকা আইএমইডিতে প্রেরণ করতে হবে।

মর্ডানাইজেশন অব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৯)

	প্রকল্পের নাম	:	মর্ডানাইজেশন অব ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (১ম সংশোধিত)
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
৪.	প্রকল্পের ধরন	:	বিনিয়োগ
৫.	প্রকল্পের অর্থায়ন	:	জিওবি
৬.	প্রকল্প এলাকা	:	৮টি বিভাগের ৬৪টি জেলার ফায়ার স্টেশনে।

৬। **প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ, প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় ও বাস্তবায়নকাল:**

(লক্ষ টাকায়)

ব্যয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
১৯৮৭৭.০০	২২৬৫৯.৭৮	২২৩১.১৫	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ (৩৬ মাস)	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ (৬০ মাস)	জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ (৬০ মাস)	২৭৮২.৭৮ (১২.২৮%)	৪০%

প্রকল্পটির ব্যয় ১২.২৮% এবং বাস্তবায়ন মেয়াদ ৪০% অতিক্রান্ত হয়েছে।

৭। **প্রকল্পের অংগসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ**

অংগের নাম	ডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
	আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(ক) রাজস্ব খাত				
কমিশন ও সুদ	৬০.০০		৩৩.৫৫৩	
স্টেশনারি	৩.০০		২.০২৯	
প্রচার ও বিজ্ঞাপন	১১.০০	৩৫টি	৮.৬৪৬	
সম্মানী (দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন, পিআইসি, পিএসসি কমিটি)	৫.৫০	থোক	৪.৯৯	
অন্যান্য	২.৫০		১.৩৫	
(খ) মূলধন খাত				
ফায়ার ফাইটিং ও রেসকিউ ইক্যুইপমেন্টস	১৮৯৬৮.১৬	১৩৩৫৪টি/সেট	১৮৬৭৮.৮৬১	
সিডি ভ্যাট	৩৬০৯.৬২		৩৬০৯.০০	
সর্বমোট (রাজস্ব খাত+মূলধন খাত)	**২২৬৫৯.৭৮**		**২২৩৩৮.৪৩৮**	

৮। **পটভূমি:** আধুনিক উদ্ধার সরঞ্জামাদি, যন্ত্রপাতি ও যানবাহন সংগ্রহ করার মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি করার মাধ্যমে অগ্নিকান্ড, ভূমিকম্প এবং অন্যান্য দুর্যোগে জনসাধারণের জানমালের সুরক্ষা এবং ক্ষয়-ক্ষতির পরিমাণ ন্যূনতম পর্যায়ে সীমিত রাখার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯। **প্রকল্পের উদ্দেশ্য**: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের দুর্যোগ মোকাবেলা, দুর্যোগোত্তর অনুসন্ধান ও উদ্ধার কার্য পরিচালনার সক্ষমতা বৃদ্ধি করা।

১০। **প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:** ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট ও রেসকিউ ভেহিক্যাল ক্রয়।

১১। **প্রকল্পের অনুমোদন অবস্থা:** আলোচ্য প্রকল্পটি মোট ১৯৮৭৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ৩০/১২/২০১৪ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর অর্থাৎ জুলাই ২০১৪ হতে জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। অতঃপর ২২৬৫৯.৭৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৮ মেয়াদে প্রকল্পের ১ম সংশোধন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কর্তৃক ২৬/০৬/২০১৮ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৬ মাস অর্থাৎ জুলাই ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** :

নিম্নেবর্ণিত কর্মকর্তা প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন:

কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
	শুরু	পর্যন্ত	
লেঃ কর্ণেল মোহাম্মদ মুশাররফ হোসেন, পিএসসি	০৫ এপ্রিল, ২০১৫	১৯ নভেম্বর, ২০১৫	খন্ডকালীন
মোঃ আব্দুর রাজ্জাক	১৯ নভেম্বর, ২০১৫	২৮ আগস্ট, ২০১৭	খন্ডকালীন
আবুল হাসনাত মোঃ লুৎফুল কবীর	২৮ আগস্ট, ২০১৭	১৯ ডিসেম্বর ২০১৮	পূর্নকালীন
লেঃ কর্ণেল এস,এম জুলফিকার রহমান, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	১৯ ডিসেম্বর ২০১৮	৩০ জুন ২০১৯	খন্ডকালীন

১৩। **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি** :

জুন ২০১৯ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ২২৩৩৮.৪৩ লক্ষ টাকা (৯৮.৫৮%)। প্রকল্পটির অনুকুলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

অর্থবছর	মূল ডিপিপিতে আর্থিক সংস্থান	সংশোধিত ডিপিপিতে আর্থিক সংস্থান	সংশোধিত এডিপিতে বরাদ্দ	অর্থ ছাড়	অর্থ ব্যয়
২০১৪-২০১৫	৫০০৩.০০	-	১.০০	১.০০	১.০০
২০১৫-২০১৬	৬২০৩.০০	৪৪১৬.৭৫	৪৪২৭.০০	৪৪১৬.৮৫	৪৪১৬.৮৫
২০১৬-২০১৭	৮৬৭১.০০	৭৯৪১.৫৮	৮২৪৩.৭৮	৮০৩২.৯০	৭৯৪১.৫৮
২০১৭-২০১৮		১৪.০০	১৪.০০	১৪.০০	১৩.৯৩
২০১৮-২০১৯		১০২৮৬.৪৫	৯৯৭৪.০০	৯৯৭৪.০০	৯৯৬৫.০৭
সর্বমোট	১৯৮৭৭.০০	২২৬৫৯.৭৮	২২৬৫৯.৭৮	২২৪৩৫.৭৫	২২৩৩৮.৪৩৮

১৪। **প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণঃ**

দৈবচয়নের ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **৫**টি সাইট সরেজমিন পরিদর্শন করা হয়।

সিদ্দিকবাজার, ঢাকাঃ

গত ২৮/১০/২০২০ তারিখে ফায়ার সার্ভিস এন্ড সিভিল অধিদপ্তরে প্রকল্পের আওতায় সরবরাহকৃত যানবাহন ও ইক্যুইপমেন্ট সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ডাইভিং এপারেটাস, ফায়ার ফাইটিং টার্ন টেবিল লেডার, এবিসি ফায়ার এক্সটিংগুইসার, ব্রাঞ্চ পাইপ, কালেকটিং ব্রিচিং, ডিভাইডিং ব্রিচিং এন্ড ডিটেকটর, সার্চ ক্যামেরা ইত্যাদি ইক্যুইপমেন্ট এবং ফায়ার ও রেসকিউ ভেহিক্যাল দেখা হয়। রেসকিউ ভেহিক্যালে রেসকিউ ইক্যুইপমেন্টগুলো সজ্জিত রয়েছে। এই গাড়ীর রেজিস্ট্রেশন সম্পন্ন হয়নি।

আরিচা, মানিকগঞ্জঃ

৩০/১০/২০২০ তারিখে শিবালয়, আরিচায় স্থল কাম নদী ফায়ার স্টেশন, মানিকগঞ্জ সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ফায়ার ম্যান স্যুট, গাম বুট, হাইড্রোলিক লক কাটারসহ, হোজরিল, কাটিং ব্লেড, হেলমেট, স্মোক ইজেকটর ইত্যাদি ইক্যুইপমেন্ট দেখা যায়। কিন্তু উল্লিখিত ইক্যুইপমেন্টসমূহ কোন প্রকল্পের আওতায় সরবরাহকৃত তার দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি। ইক্যুইপমেন্টের জন্য কোন স্টক রেজিস্টার নেই। কম্পিউটারে কম্পোজ করে ইক্যুইপমেন্টের হিসাব রাখা হয়।

কুমিল্লাঃ

গত ১২/১২/২০২০ তারিখে কুমিল্লার বাগিচাগাঁও এ ফায়ার স্টেশন সরেজমিন পরিদর্শন করা হয়। ১টি ইমারজেন্সি টেন্ডার দেখতে পাওয়া যায়। এটি একটি গাড়ী, যাতে ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট সাজানো থাকে। গাড়ীটি সচল আছে। গাড়ীটি এখনো রেজিস্ট্রেশন করা হয়নি। তবে গাড়িটি রিসিভের কোন দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি।

মিরপুর প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকাঃ

২/১২/২০২০ তারিখে মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ট্রেনিং কমপ্লেক্স সরেজমিন পরিদর্শন করা হয়।

পাবনাঃ

২৪/০২/২০২১ তারিখে ফায়ার স্টেশন সরেজমিন পরিদর্শন করা হয়। স্ট্রেচার, লক কাটার, পাইপ স্কুইজার, ডোর ওপেনার, ফোম মেকিং ব্রাঞ্চ পাইপ, স্লাব কাটার, রিভলভিং নজল, ইলেকট্রিক চেইন স, ব্রিদিং এপারেটাস, এক্সটেনশন ল্যাডার, ডিভাইডিং ব্রিচিং, ভেন্টিলেশন ফ্যান, পোর্টেবল গ্রাইন্ড মনিটর পরিদর্শন করা হয়। সকল ইক্যুইপমেন্ট একটি স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়। প্রকল্পের আওতায় সংগৃহীত ইক্যুইপমেন্ট এর জন্য আলাদা কোন রেজিস্টার নেই। সংশ্লিষ্ট কর্মকর্তা ইক্যুইপমেন্ট বরাদ্দের দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি।

পূর্বাচল, ঢাকাঃ

১৮/০৩/২০২১ তারিখে পূর্বাচল ফায়ার স্টেশন সরেজমিন পরিদর্শন করা হয়। ১টি ইসুজু ডিমাক্স টোয়িং ভেহিক্যাল পরিদর্শন করা হয়। উক্ত গাড়ির রেজিস্ট্রেশন সম্পন্ন হয়নি। গাড়িটি সচল আছে। এ গাড়ীটি এ স্টেশনের অনুকূলে বরাদ্দ দেয়া হয়নি। সংশ্লিষ্ট কর্মকর্তা তাই গাড়ী বরাদ্দের দালিলিক প্রমাণ দেখাতে সক্ষম হননি। গাড়ীতে প্রকল্পের নাম লেখা নেই। গাড়িটি রেজিস্ট্রেশন করা হয়নি।

১৫। পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:



ছবি: পূর্বাচলে রেজিস্ট্রেশনবিহীন ইসুজু ডিমাক্স টোয়িং



ছবি: সিদ্দিক বাজারে রেজিস্ট্রেশনবিহীন রেসকিউ ভেহিক্যাল

১৬। **প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্যঃ** প্রকল্পের আওতায় সকল অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে। কোন অডিট আপত্তি নেই মর্মে সমাপ্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে।

১৭। **সার্বিক পর্যবেক্ষণ**

- ❖ পরিদর্শনকালে জানা যায় যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে বিভিন্ন সময়ে রেসকিও ভেহিক্যাল ও ইক্যুইপমেন্ট বিভিন্ন জেলায় রাজস্ব ও প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল পণ্য একসাথে প্রেরণ করা হয়েছে। এ কারণে রেসকিও ভেহিক্যাল ও ইক্যুইপমেন্টসমূহ কোন প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে তার দালিলিক প্রমাণ পাওয়া যায়নি।
- ❖ আরিচা, কুমিল্লা ফায়ার স্টেশনে কোন স্টক রেজিস্টার দেখা যায়নি। অন্য স্টেশনগুলোতে স্টক রেজিস্টার থাকলেও কোন প্রকল্পের আওতায় সংগৃহীত তা উল্লেখ নেই।
- ❖ Excavator with demolition Hemmer ও Towing Vehicle (Pickup type) এর চুক্তিমূল্য ডিপিপি মূল্য অপেক্ষা বেশি। যা আর্থিক শৃঙ্খলা পরিপন্থি।
- ❖ প্রকল্পের কৃয়কৃত রেসকিও ভেহিক্যাল ও ইক্যুইপমেন্টসমূহ টেবিল অব অর্গানোগ্রাম এ্যান্ড ইক্যুইপমেন্ট এ অন্তর্ভুক্ত করা হয়নি।
- ❖ প্রকল্পের কৃয়কৃত রেসকিও ভেহিক্যাল ও ইক্যুইপমেন্টসমূহ ডিপিপি মোতাবেক সাইটসমূহে সরবরাহ করা হয়নি।

১৮.০ <u>আইএমইডি'র মতামত/সুপারিশঃ</u>

১৮.১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন রেজিস্ট্রেশনের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১৮.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও ইক্যুইপমেন্টসমূহ ডিপিপি মোতাবেক যেসকল স্থানে সরবরাহের প্রভিশন ছিল তা প্রতিপালন করে সাইট ভিত্তিক যানবাহন ও ইক্যুইপমেন্টের তালিকা আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৮.৩ প্রকল্পের আওতায় বিভিন্ন ফায়ার স্টেশনে সরবরাহকৃত যানবাহন ও ইক্যুইপমেন্ট কোন প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে তা উল্লেখপূর্বক যথাযথভাবে স্টক রেজিস্টারে অন্তর্ভুক্ত করতে হবে এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৮.৪ যানবাহন ও ইক্যুইপমেন্ট ইত্যাদির গায়ে প্রকল্পের নাম সহজে মোচনযোগ্য নয় এরুপ কালিতে লিখে রাখতে হবে;

১৮.৫ Excavator with demolition Hemmer ও Towing Vehicle (Pickup type) এর চুক্তিমূল্য ডিপিপি মূল্য অপেক্ষা বেশি। যা আর্থিক শৃঙ্খলা পরিপন্থি। বিষয়টি খতিয়ে দেখে সুরক্ষা সেবা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৮.৬ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও ইক্যুইপমেন্ট টেবিল অব অর্গানোগ্রাম এ্যান্ড ইক্যুইপমেন্ট এ অন্তর্ভুক্ত করার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং সুরক্ষা সেবা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আইএমইডিকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;